গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৪০

## বাগমারায় নারী সমাবেশ অনুষ্ঠিত

রাজশাহী; ০৩ অগ্রহায়ণ (১৮ নভেম্বর):

আজ মঙ্গলবার (১৮ নভেম্বর) রাজশাহী জেলার বাগমারা উপজেলার শুভডাঙ্গা ইউনিয়নের বসন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়। রাজশাহী জেলা তথ্য অফিস এ সমাবেশের আয়োজন করে।

অনুষ্ঠানে বাগমারা উপজেলা শিক্ষা অফিসার মো. সাইফুল ইসলামের সভাপতিত্বে জেলা তথ্য অফিসের উপপরিচালক নাফেয়ালা নাসরিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন সাবেক এসএমসি সভাপতি প্রভাষক মো. সিরাজুল ইসলাম, এসএমসি কমিটির এডহক সদস্য মো. হাবিবুর রহমান এবং বসন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছা. নুরুন নাহার ।

অনুষ্ঠানে বক্তাগণ নারীদের জীবনমান উন্নয়নে তারুণ্য নির্ভর, উন্নত, বৈষম্যহীন রাষ্ট্র ও জাতি গঠন, গুজব, অপপ্রচার এবং সাম্প্রদায়িকতা প্রতিরোধ, মাদক, বাল্যবিবাহ, যৌতুক, মানবপাচার প্রতিরোধ, পরিবেশ সংরক্ষণে পলিথিন বর্জন, ডেঙ্গু প্রতিরোধসহ পরিবেশের সুরক্ষায় বৃক্ষ রোপণের গুরুত্ব নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

নারী সমাবেশের শুরুতে নিরাপদ মাতৃত্ব, যৌতুক, মাদক, ডেঙ্গু এবং বাল্যবিবাহ প্রতিরোধমূলক ডকুমেন্টারি প্রদর্শন করা হয়।

.........................................................

রুহুল/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৫:২৫ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd